



ক্যারিয়ার ম্যানেজমেন্ট সেমিনার ও সংবর্ধনা অনুষ্ঠিত



৮ ফেব্রুয়ারি ২০২৪-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে ক্যারিয়ার ম্যানেজমেন্ট সেমিনার ও সংবর্ধনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বিজ্ঞানকে জীবনের চালিকা শক্তি অবহিত করে বলেন, “যে সকল শিক্ষার্থী ফিজিক্স, ক্যামিস্ট্রি, ম্যাথ পড়ে থাকে তাদের বেইজ অনেক শক্ত হয়। যেসব দেশ টেকনোলজিস্ট বেইজড সেসকল দেশে ফিজিক্সের বিভিন্ন শাখা রয়েছে, সেখানে যদি কেউ গবেষণা করতে চায় সে গবেষণায় থাকছে নতুবা ইঞ্জিনিয়ারিং এর দিকে বা ন্যানোটেকনোলজির দিকে কিংবা বায়োফিজিক্সের বিভিন্ন শাখায় যাচ্ছে।”

তিনি আরো বলেন, “বলা হয়ে থাকে বাংলাদেশে ফিজিক্সের কোনো ভবিষ্যৎ নাই একারণে শিক্ষার্থীদের নিরাশ হলে চলবে না। কিন্তু যারা মেধাবী তারা প্রফেশনাল লাইফ কিংবা গবেষণায় সফল হয়ে থাকে। যদিও শিল্পায়নে আমরা পিছিয়ে রয়েছি।



আমাকে মনে করতে হবে আমি যে বিষয়েই পড়ি না কেন সেটাকেই আমার ডিসিপ্লিনের মধ্য দিয়ে নিজের করে নিতে হবে।”

জগন্নাথ বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ড. আব্দুল্লা আল মমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে ছিলেন জামালপুরের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কামরুল আলম খান।

এসময় বিশেষ অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান এবং পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ।

এছাড়াও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. শোভন কুমার কুন্ডুর সঞ্চালনায় সেমিনার বক্তা হিসেবে ছিলেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নজরুল ইসলাম খান ও মাদারীপুর সরকারী কলেজের সহযোগী অধ্যাপক আবু তৌফিক আহমেদ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষকবৃন্দ, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্যবৃন্দ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।